

তথ্যবিবরণী

নম্বর ১৫৭

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে ময়মনসিংহে পুষ্পস্তবক অর্পণ ও কুচকাওয়াজ অনুষ্ঠিত

ময়মনসিংহ (মঙ্গলবার, ২৬ মার্চ)

আজ ২৬ মার্চ, ৫৪তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস। বাঙালি জাতির সবচেয়ে গৌরবের দিন, পরাধীনতার শৃঙ্খল ভেঙে মাথা উঁচু করে দাঁড়ানোর দিন। দীর্ঘ পরাধীনতার শৃঙ্খল ভেঙে ১৯৭১ সালের এই দিনে বিশ্বের মাঝে স্বাধীন রাষ্ট্র গঠনের লক্ষ্যে স্বাধীনতার ডাক দিয়েছিলেন স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

মঙ্গলবার (২৬ মার্চ) সারাদেশের ন্যায় ময়মনসিংহে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে নানাবিধ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। দিনব্যাপী কর্মসূচী সমূহের অংশ হিসেবে সূর্যোদয়ের সাথে সাথে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। ৩১ বার তোপধ্বনির মাধ্যমে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের শুভসূচনা করা হয়। সূর্যোদয়ের পর নগরীর মুক্তিযুদ্ধ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে বীর মুক্তিযোদ্ধাদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।

মহান বিজয় দিবস উপলক্ষে সকালে মুক্তিযুদ্ধ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে প্রথমে শ্রদ্ধা নিবেদন করেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া। এছাড়াও পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের পক্ষে কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, ময়মনসিংহ রেঞ্জের ডিআইজি মো: শাহ আবিদ হোসেন, ময়মনসিংহ জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী, ময়মনসিংহ পুলিশ সুপার মাহুম আহাম্মদ ভূঞা, ময়মনসিংহ জেলা মুক্তিযোদ্ধা কমান্ড, জেলা পরিষদ চেয়ারম্যান ইউসুফ খান পাঠানসহ প্রমুখ। এ সময় আরো উপস্থিত ছিলেন বিভিন্ন রাজনৈতিক দল ও তার অঙ্গ সংগঠন, ময়মনসিংহের বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের প্রতিনিধিগণ, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী, শিক্ষকসহ বিভিন্ন স্তরের জনগণ।

পূর্ব ঘোষিত কর্মসূচি অনুযায়ী সকাল ৮:০০টায় নগরীর রফিক উদ্দিন ভূঁইয়া স্টেডিয়ামে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন, সম্মিলিত কুচকাওয়াজ ও শারীরিক কসরত প্রদর্শন অনুষ্ঠিত হয়। অভিবাদন মঞ্চে উপস্থিত ছিলেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া, ময়মনসিংহ-রেঞ্জ ডিআইজি মো: শাহ আবিদ হোসেন, জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী এবং পুলিশ সুপার মাসুম আহাম্মদ ভূঞা। এ সময় উপস্থিত অতিথিগণ জাতীয় সংগীতের সাথে পতাকা উত্তোলন এবং বেলুন, ফেস্টুন ও পায়রা উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন ঘোষণা করেন।

পরে জেলার পুলিশ দল, ব্যাটেলিয়ন আনসার, আনসার ভিডিপি, ফায়ার সার্ভিস সহ জেলার বিভিন্ন স্কুল প্রতিষ্ঠানের স্কাউট দল অভিবাদন মঞ্চে উপস্থিত অতিথিগণদের কুচকাওয়াজের মাধ্যমে সম্মান প্রদর্শন করেন এবং জেলার নওমহল সরকারি প্রাথমিক বিদ্যালয়, সরকারি শিশু পরিবার, বিদ্যাময়ী সরকারি উচ্চ বিদ্যালয়, পুলিশ লাইন উচ্চ বিদ্যালয় সহ বিভিন্ন স্কুল প্রতিষ্ঠান তাদের শারীরিক কসরত উপস্থাপন করেন।

আঞ্চলিক তথ্য অফিস, পিআইডি ময়মনসিংহের উপপ্রধান তথ্য অফিসার মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান তাঁর নেতৃত্বে অফিসের কর্মকর্তা-কর্মচারী সহ মুক্তিযুদ্ধ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন।

#

হদা/মনির/দেওয়ান/রিদওয়ান/রেজভী/২০২৪/১৩:০০ ঘন্টা